

## সম্পাদকীয় / Editorial

সময়ের আবর্তে দ্রুত পেরিয়ে এলাম আরও একটি বছর। যুগসন্ধিক্ষণের এই দিনগুলিতে সমস্ত মানবসমাজ যখন তরঙ্গ বিক্ষুব্ধ, দিশাহারা- তখন গুরুমহাত্মাগণের আশীর্বাদে ও শ্রীশ্রীমায়ের মেহচ্ছায়ায় নিঃশঙ্কচিত্তে আমরা অতিবাহিত করে এলাম আরও একটি বছর—ইহাই আমাদের পরমপ্রাপ্তি।

নববর্ষের এই পুণ্যপ্রভাতে আশ্রমিক মুখপাত্র “হিরণ্যগর্ভ”-য়ের যে সংখ্যাটি আজ প্রকাশিত হল শ্রীশ্রীমায়ের পুণ্য উপস্থিতিতে, সেই সংখ্যাটি আমরা নিবেদন করেছি মহান ভক্ত সাধক সন্ত কবীরের পুণ্য স্মৃতির উদ্দেশ্যে।

ভক্তিদ্বারার যে ফস্ফোস্রোত ভারতীয় মননে শাস্তকাল ধরে প্রবাহিত হয়ে চলেছে, সন্ত কবীর ছিলেন সেই ভক্তিমাগের অন্যতম উজ্জ্বল জ্যোতিষ্ক। হিন্দু ও মুসলমান উভয় ধারার মাধুর্য সাধনায় তিনি নিজেকে করেছিলেন নিমগ্ন। ঈশ্বরের প্রতি নিষ্কাম ভক্তি ও প্রেমই কবীর দর্শনের মূলমন্ত্র। কবীরজী বলেন—ঈশ্বরের নিবাস সর্বত্র; এই বিশ্বচরাচর তাঁর মন্দির। কিন্তু তাঁর নিত্যলীলায় প্রবেশের চাবিকাঠিটি রয়েছে সদগুরুর নিয়ন্ত্রণে। সদগুরুর অহৈতুকী অনুকম্পা ব্যতীত সেই অমৃতঘন প্রেম ও ভক্তির রসাস্বাদন থাকে অধরা। সদগুরুই আলোকবর্তিকা, সদগুরুই পরমাশ্রয়, আনন্দলোকে উত্তরণের সেতু।

মহাত্মা কবীরের এই অমর বাণীকে শিরোধার্য করে, শ্রীশ্রীগুরুমহারাজগণকে সতত বন্দনা করে এবং আমাদের সদগুরু শ্রীশ্রীমায়ের চরণকমল হৃদয়ে ধ্যাণ করে সমাগত নববর্ষকে আমরা স্বাগত জানাই—নতুন বছরে নতুন আশায় উদ্দীপিত হয়ে আমাদের যাত্রা আরম্ভ হোক।



*One more year has left its trail in the whirlwind of time. As the humanity stands at the crossroads of the turbulent times, feeling hopelessly directionless, we, the beloved children of Sree Sree Maa, could successfully etch out our blissful living over the past one year, by the sheer grace of the “guru maharajas”.*

*This issue of “Hiranyagarbha” is being published on the auspicious occasion of the Bengali New Year’s day in the haloed presence of Sree Sree Maa. It has been dedicated to the pious remembrance of Sant Kabir, one of the greatest saints of medieval India.*

*Sant Kabir was one of the luminaries of the “Bhakti” cult in India. He epitomized the intrinsic virtues of love and compassion that pervades the vision of our saints. A firm believer in unflinching love and devotion to God, he enshrined all elements of compassion inherent in Hindu and Muslim philosophy. Kabirji proclaimed that God is omnipresent; yet the key to the path leading to eternal unison with His sublime self lies in the hands of a “sadguru”. Without the empathy and blessings of a “sadguru”, one cannot comprehend the fathomless expanse of Lord’s love and blessings. A true mentor (“sadguru”) is thus a luminous beacon, a true companion, a bridge between the mortal and the sublime.*

*On the auspicious occasion of New Year, therefore, let all of us sincerely embrace the essence of his divine message. Let us offer, with folded hands, our humble tribute to the “guru mahatmas” and pay our obeisance to the lotus feet of Sree Sree Maa, our esteemed “sadguru”. Let a blissful journey deliver us to the realms of enlightenment in the forthcoming years to make our lives meaningful.*